দামুডহুদার কার্পাসডাঙ্গায় আদ্ দ্বীনের চক্ষু ও ডায়বেটিস ফ্রি মেডিকেল ক্যাম্প

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা হাইস্কুল মাঠে গতকাল শনিবার ১১টার দিকে আদ্ দ্বীন ফেয়ার উদ্দোগে চক্ষু ও ডায়াবেটিকস ফ্রি মেডিক্যাল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

কার্পাসডাঙ্গা ইসলামিয়া ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা জুলফিকার আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্হিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদ চেয়ারম্যান উপজেলা মাহফুজুর রহমান মঞ্জু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম,দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (তদন্ত) শফিউল আলম কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস দামুড়হুদা উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সাকী সালাম,দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডাক্তার মখলেছুর রহমান মামুন কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের এএসআই মোসলেম উদ্দীন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন আদ্ দ্বীন আই কেয়ার প্রজেক্ট অফিসার রবিউল হক। আকিজ গ্রুপ অফ ইন্ডাস্ট্রিজ এর চেয়ারম্যান ও নির্বাহী পরিচালক ডাক্তার শেখ মহিউদ্দিন। অনুষ্ঠান পরিচালনা করেন আদ্ দ্বীন ওয়েলফেয়ার সেন্টারের রিজিওনাল ম্যানেজার এস এম হান্নান। অনুষ্ঠান শেষে অতিথিবৃন্দ গ্রামীণ চক্ষুনিবেশ ছানি বাছাইয়ের উদ্বোধন করেন

[redacted]

[redacted]

দর্শনার নাস্তিপুরে মোবাইলে গেমস খেলার লোভ দেখিয়ে শিশুকে ধর্ষণ

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলা দর্শনার সীমান্তবর্তী নাস্তিপুর গ্রামে মোবাইল ফোনের গেমস খেলার লোভ দেখিয়ে তার চাচাতো ভাই নিজ বাড়িতে ডেকে ৬ বছরের এক শিশুকে ধর্ষণ করেছে।

গতকাল বৃহস্পতিবার বেলা ১২ টার দিকে পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের নাস্তিপুর গ্রামে এই ঘটনা ঘটে। তাকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেয় পরিবারের সদস্যরা। অতিরিক্ত রক্তক্ষরণে তার অবস্থা আশঙ্কাজনক হলে কর্তব্যরত ডাক্তাররা তাকে অপারেশন থিয়েটার চিকিৎসা দিয়েছে। অভিযুক্ত ধর্ষক শিশুটির চাচাতো ভাই উপজেলা নাস্তিপুর গ্রামের আশরাফ আলীর ছেলে তানভীর (১৯)।

গতকাল বৃহস্পতিবার বিকালে খবর পেয়ে হাসপাতালে দেখতে যাই চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ আল-মামুন। ঘটনার পরই ধর্ষক তানভীরকে গ্রেপ্তারের জন্য অভিযান অব্যাহত রেখেছে বলে জানিয়েছেন দর্শনা থানা পুলিশ।

দর্শনা থানার অফিসার্স ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহেদ জানান, গতকাল বৃহস্পতিবার বেলা ১২ টার দিকে দামুড়হুদা উপজেলার নাস্তিপুর বেলে মাঠপাড়ায় বৃষ্টি হচ্ছিল। এ সময় দর্শনা থানাধীন সীমান্তবর্তী নাস্তিপুর গ্রামের আশরাফ আলীর ছেলে তানভীর তার চাচাতো বোন শিশু (৬)কে মোবাইল ফোনে গেম খেলার লোভ দেখিয়ে তার বাড়িতে ডেকে ঘরের খাটের উপরে নেয়।এরপর ঘরের দরজা বন্ধ করে তাকে জোরপূর্বক ধর্ষণ করে। তার চিৎকারে স্থানীয়রা ছুটে আসলে ধর্ষক পালিয়ে যায়। পরে শিশুটির মা রক্তাক্ত অবস্থায় তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে।

এদিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের আর এম ও ডাক্তার ফতেহ্ আকরাম জানান, বৃহস্পতিবার দুপুর ৩ টার দিকে শিশুটির মা তাকে চুয়াডাঙ্গা হাসপাতালে শিশুটিকে নিয়ে আসে। তখন তার প্রচন্ড ব্লেডিং হচ্ছিল। এ

সময় সদর হাসপাতালে গাইনী বিশেষজ্ঞ ডাক্তার আকলিমা খাতুন,গাইনী বিশেষজ্ঞ ডাক্তার শাপলা খাতুন ও সার্জিক্যাল সার্জন ডাক্তার এহসানুল হক তনময় সমন্বয়ে গঠিত একটি টিম গঠন করা হয়। অতিরিক্ত রক্তক্ষরণের তার অবস্থা গুরুতর ও আশঙ্কাজনক হওয়ায় দ্রুত অপারেশন থিয়েটারে নেন। তার শরীরের অতিরিক্ত রক্তক্ষরণের জন্য রক্ত দেওয়া হচ্ছে। তিনি আরো বলেন, শিশুটি ধর্ষণ হয়েছে। প্রচুর ব্লিডিং হচ্ছে তার অবস্থা আশঙ্কা জনক। তবে অপারেশন করে প্রয়োজনীয় চিকিৎসা চলছে।

এদিকে বিকালে খবর পেয়ে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ছুটে আসেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লহ আল মামুন। দর্শনা থানার অফিসার্স ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহেদ জানান, ধর্ষক আসামি তনভির কে ধরতে পুলিশি অভিযান অব্যাহত রয়েছে। এ ঘটনায় দর্শনা থানায় ধর্ষনের একটি মামলা হয়েছে।

আলমডাঙ্গায় নবাগত ইউএনওর সাথে সাংবাদিকদের সৌজন্য সাক্ষাৎ

আলমডাঙ্গার নবাগত নির্বাহী কর্মকর্তা (ইউএনও) স্নিগ্ধা দাসের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময় সভা করেন উপজেলা প্রেসক্লাবের সাংবাদিকরা। এছাড়াও উপজেলায় কর্মরত সিনিয়র সাংবাদিকেরা এ মতবিনিময় সভায় অংশ গ্রহণ করেন।

উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে বৃহস্পতিবার বিকেল ৪টার দিকে সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময় সভাটি অনুষ্ঠিত হয়।

এতে অংশ নেন- আলমডাঙ্গা উপজেলা প্রেসক্লাবের সভাপতি নাহিদ হাসান, সাধারণ সম্পাদক এনএইচ শাওন, যুগ্নসাধারণ সম্পাদক সনজু আহমেদ, আব্দুল্লাহ হক, সাংগঠনিক সম্পাদক আলামিন হোসেন, সিনিয়র সহ-সভাপতি রাশেদুজ্জামান রাজিব, সহ-সভাপতি তানজিদ সোহেল হিরো, কার্যনির্বাহী সদস্য ইউনুছ আলী মন্ডল, সালাউদ্দিন, শাহরিয়ার শরিফ, সাংবাদিক ইখলাস হোসেন, নাসির উদ্দীন, রানা মাহমুদ।

এছাড়াও সৌজন্য ও মতবিনিময় অনুষ্ঠানে অংশ নেন সিনিয়র সাংবাদিক দৈনিক কালের কন্ঠ ও দৈনিক মাথাভাঙ্গার ব্যুরো প্রধান রহমান মুকুল, দৈনিক আমাদের নতুন সময় ও দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার অফিস প্রধান প্রশান্ত বিশ্বাস, দৈনিক ইত্তেফাক ও দৈনিক আকাশ খবরের ব্যুরো প্রধান ফিরোজ ইফতেখার, দৈনিক সমকাল ও দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার অফিস প্রধান তানভির সোহেল, দৈনিক সময়ের আলো ও দৈনিক মাথাভাঙ্গার সহকারী ব্যুরো শরিফুল ইসলাম রোকন, দৈনিক আমাদের সময় পত্রিকার প্রতিনিধি আনোয়ার হোসেন, দৈনিক দেশের বানীর ব্যুরো প্রধান এমদাদ হোসেন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা স্নিগ্ধা দাস বলেন, আলমডাঙ্গা উপজেলা নতুন, আমিও এখানে নতুন যোগদান করেছি। উপজেলার সার্বিক উন্নয়নে আমাকে অনেক চ্যালেঞ্জের মোকাবিলা করতে হবে। তাই উপজেলার সার্বিক উন্নয়ন অগ্রযাত্রায় সাংবাদিকদের ইতিবাচক সহযোগিতা কামনা করেন।

তিনি আরও বলেন, সাংবাদিকরা সমাজের দর্পন স্বরুপ। আলমডাঙ্গা একটি আদর্শ এলাকা। এই এলাকার অনেক সুনাম রয়েছে। তাই উপজেলার উন্নয়ন কর্মকাণ্ডে সাংবাদিকরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন। আমি আলমডাঙ্গা উপজেলায় ভালো কিছু করতে চাই। এ জন্য সাংবাদিকদের সহযোগিতা প্রয়োজন।

উল্লেখ্য, সৌজন্যে সাক্ষাৎ ও মতবিনিময় সভা শেষে আলমডাঙ্গা উপজেলা প্রেসক্লাবের পক্ষ থেকে (ইউএনও)কে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযান গাঁজাসহ আটক-১

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযান গাঁজাসহ আকাশ(২২) নামের একজনকে আটক করা হয়েছে।

এ সময় ভ্রাম্যমাণ আদালতে আকাশ হোসেন (২২) নামের এই মাদক কারবারিকে এক বছরের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়েছে।

বৃহস্পতিবার সকালে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযানে ২ কেজি গাঁজাসহ আটকের পর চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট শামীম ভুইয়া ভ্রাম্যমাণ আদালতে তাকে এ সাজা দেন৷ সাজাপ্রাপ্ত আকাশ হোসেন চুয়াডাঙ্গা শহরতলীর দৌলতদিয়ার বঙ্গজ পাড়া গ্রামের আলী হোসেনের ছেলে।

ভ্রাম্যমাণ আদালত সুত্রে জানা গেছে, বৃহস্পতিবার সকাল সাড়ে ৯ টায় নির্বাহী ম্যাজিস্ট্রেট শামীম ভুইয়ার নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপপরিদর্শক আকবর হোসেন ও সাহারা ইয়াসমিন সঙ্গীয় ফোর্স নিয়ে আকাশ হোসেনের বাড়িতে অভিযান চালিয়ে ২ কেজি গাঁজাসহ তাকে আটক করে।

পরে উপজেলা নির্বাহী অফিসার শামীম ভুইয়া ভ্রাম্যমাণ আদালতে আকাশ হোসেনকে এক বছরের বিনাশ্রম কারাদণ্ড ও নগদ ১শ’ টাকা জরিমানা করেন।সাজাপ্রাপ্ত আকাশ হোসেনকে জেলা কারাগারে পাঠানো হয়েছে।

চুয়াডাঙ্গায় আসন্ন ঈদ-উল আযহা সামনে থাকলেও জমে উঠেনি ঈদ বাজার

চুয়াডাঙ্গায় পবিত্র ঈদ-উদ আযহা সামনে থাকলেও এখনো পর্যন্ত জমে ওঠেনি ঈদ বাজার। ঈদের বাকি আর মাত্র ছয়দিন কিন্তু এখনো পর্যন্ত কোন বিপনী বিতান এবং মার্কেট গুলোতে ক্রেতাদের নেই তেমন চাপ।

আজ বৃহস্পতিবার চুয়াডাঙ্গা জেলার সবথেকে বড় বিপনী বিতান নিউ মার্কেটে ঘুরে দেখা যায় কোন প্রকার চাপ নাই ক্রেতাদের। এ সময় নিউ মার্কেটের বিভিন্ন দোকানের মালিকবৃন্দ বলেন পবিত্র ঈদ- উল আযহা সামনে থাকলেও এখনো পর্যন্ত চোখে পড়ার মতো কোন ক্রেতাদের ভিড় আমাদের এখানে হচ্ছে না।

চুয়াডাঙ্গায় অনান্য বিপনী বিতান আব্দুল্লাহ সিটি গালির মার্কেট বড় বাজার মার্কেট ও পিন্স প্লাজার অবস্থা একই। চুয়াডাঙ্গা আব্দুল্লাহ সিটির জে এস কালেকশন এর মালিক জানান এই বছরে ঈদ সামনে থাকেলেও ক্রেতাদের তেমন কোন আনাগোনা নাই। আসলে কোরবানি ঈদে তেমন বেচাকেনা হয় না কারণ অনেকে কোরবানির জন্য গরু ছাগল কিনতে ব্যস্ত থাকে।

চুয়াডাঙ্গা নিউ মার্কেটে ঈদের কেনাকাটা করতে আসা আমান বলেন, পবিত্র ঈদ-উল আযহা উপলক্ষে কিছু কেনাকাটা করতে এসেছি। তবে গতবার পবিত্র ঈদুল ফিতরের জামা কাপড় গুলো নতুন থাকায় তেমন কিছু এবার নেয়নি।এ সময় জামা কাপড়ের দামের প্রসঙ্গে তিনি বলেন পবিত্র ঈদুল ফিতরের থেকে এবারের ঈদ-উল আযহা উপলক্ষে জামা কাপড়ের দাম তুলনামূলক বেশি মনে হচ্ছে।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান বলেন, পবিত্র ঈদ-উল আযহা উপলক্ষে বাজারে আমাদের মনিটরিং সব সময় চালানো হচ্ছে। বাজারে বা মার্কেটে যদি কোন অসাধু ব্যবসায়ি অতিরিক্ত দামে তার মালামাল বিক্রি করে এবং কোন ভোক্তা যদি অভিযোগ করে সেটির বিষয় আমরা ব্যবস্থা নিব। এ সময় তিনি পবিত্র ঈদ-উল আযহা যথাযথ মর্যাদায় সাথে যেন সবাই পালন করতে পারে এর জন্য জেলার সকল নাগরিকের কাছে সার্বিক সহযোগিতা কামনা করেন তিনি।

চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল মামুন বলেন, পবিত্র ঈদ-উল আযহা উপলক্ষে জেলার মেইন মেইন স্থান সহ একাধিক স্পটে আমাদের পুলিশের পক্ষ থেকে নিরাপত্তা জোরদার করা হয়েছে। চেকপোস্টের মাধ্যমে চেকিং সহ বিভিন্ন সময় পুলিশের পক্ষ থেকে বাজার মনিটরিং করা হচ্ছে। এবারের ঈদ যাত্রা মানুষ যাতে শান্তিতে পালন করতে পারে এর জন্য চুয়াডাঙ্গা জেলা পুলিশের পক্ষ থেকে সকল ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এ সময় তিনি সকলের নিকট পবিত্র ঈদ-উল আযহার যাত্রা যাতে মানুষ শান্তিতে পালন করতে পারে এর জন্য সকলের নিকট তিনি সহযোগিতার কামনা করেন।

দর্শনায় প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি সম্মাননা ও পুরস্কার বিতরণ

দর্শনায় প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি সম্মাননা ও বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্টান অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার বিকাল ৪ টার দিকে দর্শনা পৌরসভার হলরুমে এ সভা অনুষ্টিত হয়। এ অনুষ্টানে দর্শনা কলেজের সাবেক উপধাক্ষ ও প্রবীণ কমিটির সভাপতি মোশাররফ হোসেনের সভাপতিত্বে ।

এ বার্ষিক পুরস্কার বিতরনে প্রধান অতিথী হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা পৌরসভার মেয়র আতিয়ার রহমান হাবু,বিশেষ অতিথী হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা দর্শনা প্রবীণ কমিটির প্রধান উপদেষ্টা ও ড্রাগ অ্যাসোসিয়েশনের সভাপতি মোহাম্মদ জাহিদুল ইসলাম, দর্শনা কেরু অ্যান্ড কোম্পানির সাবেক ডিজিএম খালেকুজ্জামান, ওয়েভ ফাউন্ডেশনের পরিচালনা পরিষদের সদস্য বীর মুক্তিযোদ্ধা মোঃ ফজলুল হক,চুয়াডাঙ্গা চুয়াডাঙ্গা জেলা কমিউনিস্ট পার্টি সভাপতি বীর মুক্তিযোদ্ধা সৈয়দ মজনুর রহমান,ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়র সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ।

এ সময় অতিথীরা শ্রেষ্ঠ সন্তান, শ্রেষ্ঠ প্রবীণ ও শ্রেষ্ঠ নারী নির্বাচনে প্রথমে প্রবীণ কমিটির প্রতিটি ওয়ার্ড পর্যায়ে নেতৃবৃন্দ ৩ জন করে ৫৪ জনকে মনোনীত করে। পরে মনোনীত ব্যক্তিদের বাড়ির আশেপাশে সরজমিন খোঁজখবর নিয়ে তদন্ত করেন তারা।পরে প্রবীণ কমিটির ২০ জন সদস্যের মতামতে ভিত্তিতে ৫ জন শ্রেষ্ঠ সন্তান, ৫ জন শ্রেষ্ঠ প্রবীণ ও ১জন শ্রেষ্ঠ নারী নির্বাচিত করা হয়।

নির্বাচিত হলেন শ্রেষ্ঠ সন্তান দৈনিক যুগান্তর দামুড়হুদা প্রতিনিধি ও মাই টিভি চুয়াডাঙ্গা প্রতিনিধি ইকরামুল হক পিপুল,সাংস্কৃতি কর্মী শাহজাহান সাজু, কামাল হোসেন, আফরোজা খাতুন মোস্তাফিজুর রহমান। শ্রেষ্ঠ প্রবীণ সাবেক কেরুজ কর্মকর্তা আমির হোসেন,বীর মুক্তিযোদ্ধা সৈয়দ মজনুর রহমান, মোছাঃ নুরজাহান, হাবিবুল্লা বিশ্বাস, মোহাম্মদ সরোয়ার হোসেন, আব্দুল হান্নান। শ্রেষ্ঠ নারী হিসেবে নির্বাচিত করা হয় সাবেক দর্শনা

পৌর মেয়র মরহুম মতিয়ার রহমানের স্ত্রী রোজি রহমান।

অনুষ্টানটি পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন পিকেএসএফের সহযোগিতায় পৌর প্রবীণ কমিটি ও ওয়েভ ফাউন্ডেশন আয়োজনে অনুষ্টিত হয়। অনুষ্টানটি পরিচালনা করেন দর্শনা প্রেসক্লাবের সাধারন সম্পাদক হানিফ মন্ডল।

জীবননগরে ইমাম খতিব ও আলেমদের সাথে সন্ত্রাস জঙ্গিবাদ প্রতিরোধ আলোচনা

জীবননগর সন্ত্রাস জঙ্গিবাদ প্রতিরোধ ও সামাজিক সমস্যা নিরসনে ইমাম খতিব ও আলেমদের ভূমিকা শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকাল সাড়ে ১১টার সময় জীবননগর ইসলামী ফাউন্ডেশনের আয়োজনে উপজেলা অডিটোরিয়ামে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নিবাহী অফিসার মোঃ রোকনুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকি, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা মোঃ দ্বীন ইসলাম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোঃ আইয়ুব হোসেন খান প্রমুখ।

জীবননগরে সড়ক দুর্ঘটনায় যুবকের মৃত্যু

জীবননগরে সড়ক দূর্ঘটনায় যুবকের মৃত্যু হয়েছে। আজ বুধবার বেলা ১২ টার সময় জীবননগর উপজেলার সন্তোসপুর বাসস্ট্যান্ডের নিকট এ দূর্ঘটনা ঘটে।

নিহত রিয়াজ হোসেন (২১)দর্শনা থানার দক্ষিণ চাঁদপুর গ্রামের নওশের আলীর ছেলে ও উথলী ডিগ্রি কলেজের ২য় বর্ষের মানবিক বিভাগের ছাত্র।

স্থানীয় সূত্রে জানা গেছে, গতকাল বুধবার বেলা ১২ টার দিকে মোটরসাইকেলযোগে দর্শনা থেকে খালার বাড়ি জীবননগর উপজেলার কাশিপুর গ্রামে যাচ্ছিলেন রিয়াজ। সে আন্দুলবাড়ীয়া সড়কের সন্তোসপুর বাসস্ট্যান্ডের অদূরে পৌছালে বিপরীত দিক থেকে আসা একটি ট্রাকের সাথে তার মুখোমুখি সংঘর্ষ হয়। এতে সে ছিটকে রাস্তার ওপর পড়ে গুরুতর আহত হয়।

স্থানীয়রা মুমূর্ষু অবস্থায় তাকে উদ্ধার করে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। সেখানে তার শারীরিক অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক তাকে উন্নত চিকিৎসার জন্য যশোর রেফার্ড করেন। যশোর নেওয়ার পথিমধ্যে তার মৃত্যু হয়।

জীবননগর থানার অফিসার ইনচাজ(ওসি) মোঃ নাসির উদ্দিন মৃধা ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন,সড়ক দুঘটনায় নিহতর বিষয় ট্রাকটি আটক করা হয়েছে এবং মামলা প্রক্রিয়াধীন ।

জীবননগর থানা পুলিশের সচেতনামূলক কমকান্ড নো-হেলমেট

নো ফুয়েল

দুঘটনা এড়াতে জীবননগর থানা পুলিশের সচেতনামূলক কমকান্ড নো- হেলমেট নো ফুয়েল এই প্রতিপাদ্যকে সামনে রেখে জীবননগর উপজেলার প্রতিটি তেল পাম্পে একটি করে ব্যানার স্থাপন করা হয়।

আজ বুধবার বিকাল ৪টার সময় জীবননগর থানা পুলিশের আয়োজনে উপজেলার ৫টি তেল পাম্পে এ সচেতনামূলক ব্যানার স্থাপন করা হয়।

এ সময় উপস্থিত জীবননগর থানার অফিসার ইনচাজ (ওসি) মোঃ নাসির উদ্দিন মৃধা,জীবননগর থানার ওসি (তদন্ত) আবু সাঈদ,এস আই নাহিরুল ইসলাম,এস আই রায়হান উদ্দিন,এস আই গোপাল,এ এসআই শামিনুর রহমান,ইউনুস আলী প্রমুখ।

জীবননগর থানার অফিসার ইনচাজ (ওসি) নাসির উদ্দিন মৃধা বলেন,হেলমেট একজন মোটরসাইকেল চালকের জন্য নিরাপত্তা । হেলমেট মাথায় থাকলে অনেক দুঘটনা থেকে রক্ষা পাওয়া যায়। সামনে কোরবানীর ঈদ এই ঈদকে সামনে রেখে অনেক তরুন যুবকরা আছে যারা দুরত্ব গতিতে গাড়ি চালিয়ে থাকে তাদের বিরুদ্ধেও আমরা ব্যবস্থা গ্রহন করবো ।

চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার স্যারের নিদেশে আমরা জীবননগর উপজেলার প্রতিটি তেল পাম্পে সচেতনামূলক ব্যানার টাঙ্গিয়ে দিয়েছি এবং তেল পাম্পের ম্যানেজারদের সতক করে দেওয়া হয়েছে যদি হেলমেট বাদে কাউকে তেল দেওয়া হয় তা হলে পাম্প কতৃপক্ষের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।